



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬২৬

তারিখ: ৭ .১১.২০১৯খ্রি.

বিষয়ঃ স্মারক নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬/৬; তারিখ: ২৫.০৪.২০১৮ খ্রি. এর প্রদত্ত সিদ্ধান্ত অমান্য করে মাদ্রাসার সুপার-কে স্বপদে পুনঃবহাল না করার মাদ্রাসার ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

- সূত্রঃ
- ১) নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬/৬; তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রি.
 - ২) নং-বামাশিবো/সংস্থাপন/নওগাঁ-৩৩/৬৫৯; তারিখঃ ২৩.০৫.২০১৯ খ্রি.
 - ৩) নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/৬৬০; তারিখঃ ২৩.০৫.২০১৯ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী থেকে অপসারণ সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন অত্র বোর্ডে দাখিল করা হয়। দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনাতে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকায়, শূন্য পদে নিয়োগে সভাপতির স্বাক্ষর না থাকায়, প্যার্টার্ন বহির্ভূত নিয়োগ এবং স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী হতে অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত হয়। আপিল এন্ড আরবিট্রেশন কমিটির গৃহীত সিদ্ধান্তটি সূত্রোক্ত ১নং স্মারকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়। অদ্যাবধি বোর্ডের উক্ত স্মারকের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি। তৎপরবর্তীতে সংযুক্ত সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে সুপারকে দায়িত্ব হস্তান্তরের জন্য পুনরায় পত্র দেয়া হয়। কিন্তু প্রতিপালন করা হয়নি।

পরবর্তীতে বোর্ডের আদেশ অনুযায়ী সুপার জনাব মোঃ বেলাল হোসেনকে চাকুরী পুনর্বহাল না করায় এবং দীর্ঘদিন যাবৎ বেতন ভাতাদি বন্ধ রাখায় মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৫৪৩৮/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক জনাব মোঃ বেলাল হোসেন এর পুনর্বহাল ও বেতন ভাতাদি সম্পর্কিত ০১.০৮.২০১৮খ্রিঃ তারিখের আবেদন (এনেক্সার-ডি) ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ জারি করেন।

বর্ণিত অবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত ও মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত সুপার জনাব মোঃ বেলাল হোসেনকে মাদ্রাসার সুপার এর দায়িত্ব হস্তান্তর করার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়েছিল। ব্যর্থতায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে মাদ্রাসার ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। উক্ত পত্রের জবাব অদ্যাবধি প্রেরণ করা হয়নি।

বর্ণিত অবস্থায় বোর্ডের সূত্রোক্ত ১নং স্মারকে সিদ্ধান্ত বাস্তবায়ন না করায় এবং কারণ দর্শানোর জবাব অদ্যাবধি প্রেরণ না করায় প্রবিধানমালা- ২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির স্মারক নং বামাশিবো/প্রশা/২২১১৮১২৩৭৩৮১/৫৫৪৫/নথি নং-৩৩; তারিখ: ২৬/০৬/২০১৮ খ্রি. এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


তারিখ: ০৭.১১.১৯
(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ
- ১) সভাপতি ও সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি;
 - ২) ভারপ্রাপ্ত সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-৩৩/ ৬২৬

তারিখ: ৭ .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, রানীনগর, নওগাঁ।
৪. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪